সমকাল

তারিখ 13 MAY 2016
পৃষ্ঠা ১ কলাম ১

# কলেজে ভর্তি শুরু ২৬ মে

**■ সমকাল প্রতিবেদক**

এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশের পর এবার ২৬ মে থেকে শুরু হচ্ছে একাদশ শ্রেণীতে ভর্তির কার্যক্রম। এবারও ভর্তিচ্ছুরা অনলাইনে আবেদন করে পছন্দের কলেজে ভর্তি হতে পারবে। গত বছর সর্বোচ্চ পাঁচটি কলেজ পছন্দের তালিকায় রাখা হলেও এবার তা দ্বিগুণ করে ১০টি কলেজে উন্নীত করা হয়েছে। এসব বিধান রেখে এবার কলেজে ভর্তির নীতিমালা প্রকাশ করা হয়েছে।

গত বুধবার ২০১৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এবার ৮৮ দশমিক ২৯ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। আর জিপিএ ৫ পেয়েছে এক লাখ ৯ হাজার ৭৬১ জন। মাধ্যমিকে এবার উত্তীর্ণ শিক্ষার্থীদের সঙ্গে গত বছর ও তার আগের বছর (২০১৪ ও ২০১৫) উত্তীর্ণরাও একাদশ শ্রেণীতে ভর্তি হতে পারবে। নীতিমালায় বলা হয়েছে, সব শিক্ষা প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে অনলাইনে শিক্ষার্থী ভর্তি করাতে হবে। রাষ্ট্রীয় মোবাইল ■ পৃষ্ঠা ১৫ : কলাম ১

## কলেজে ভর্তি শুরু ২৬ মে

[প্রথম পৃষ্ঠার পর]

সেবাদানকারী প্রতিষ্ঠান টেলিটক থেকে এসএমএস করেও আবেদন করা যাবে।
আগামী ২৬ মে থেকে ৯ জুন পর্যন্ত চলবে এ আবেদন কার্যক্রম।
কোনো কলেজ চাইলে তাদের প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তিতে ন্যূনতম যোগ্যতা
নির্ধারণ করতে পারবে। স্কুল ও কলেজ সংযুক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অগ্রাধিকার
ভিত্তিতে নিজ প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবে। বিভাগীয় সদরের কলেজে ভর্তির
ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের ৮৯ শতাংশ আসন সবার জন্য উন্মুক্ত থাকবে বলে
নীতিমালায় বলা হয়েছে। অবশিষ্ট ১১ শতাংশ আসনের মধ্যে ৩ শতাংশ সংশ্লিষ্ট
বিভাগীয় সদরের বাইরের এলাকার শিক্ষার্থীদের জন্য, ৫ শতাংশ মুক্তিযোদ্ধা
কোটা এবং ২ শতাংশ শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী,
শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী এবং নিজ নিজ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের
সদস্যদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। কোনো শিক্ষার্থীর কাছ থেকে
অনুমোদিত ফি'র বেশি নেওয়া যাবে না উল্লেখ করে নীতিমালায় বলা হয়েছে,
অতিরিক্ত ফি নিলে পাঠদানের অনুমতি, অ্যাকাডেমিক স্বীকৃতি বাতিলসহ এমপিও
বাতিল করে ওই প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।